# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ৩০ জুলাই, ২০০৮
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন সামসুল আলম, (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন শেখ আব্দুল হান্নান, এফএডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — অনুপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম — অনুপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ মোমিনুর রহমান মামুন — উপস্থিত
প্রতিনিধি
কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী — উপস্থিত
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ — উপস্থিত
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) বেগম সালমা সিদ্দিকা মাহতাব — অনুপস্থিত
সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

*চলমান পাতা-২*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী বিস্তারিত পর্যালোচনা করা হলো। আলোচ্যসূচী-১৯বিবিধ(৪) এ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডের প্রথম ০৬(ছয়) মাসের ভাড়া ৩১ আগস্ট, ২০০৮ তারিখের মধ্যে আদায় করতে হবে। আলোচ্যসূচী-১৯বিবিধ(১২) এর গৃহীত সিদ্ধান্তের উপর আলোচনা ক্রমে অরুণিমা ফিলিং স্টেশন সংলগ্ন স্থানে স্থাপিত সিএনজি ফিলিং স্টেশনের শব্দ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে ক্যানোপি স্থাপনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যবিবরণীর অন্যান্য অংশ পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ জুন, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সকল গাড়ীর In/Out Summary, কত কিলোমিটার চলে এবং মাসিক ব্যয় আগামী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৩ ঃ জুন, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের কয়েকটি খাতে আয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদন প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জুন, ২০০৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৯৩-৪/শা-৭/৪৯ নং পত্র ও সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের ১৫ জুন, ২০০৮ তারিখের শরক/বিবিধ/৬/৩২ পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষের প্রস্তাব মতে ছাত্র/ছাত্রীদের নিকট হতে বর্ধিত হারে বিভিন্ন ফি আদায়ের বিষয়টি অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। ইতোমধ্যে যদি প্রস্তাবিত খাতসমূহ থেকে ছাত্র/ছাত্রীদের নিকট হতে বর্ধিত হারে ফি আদায় করা হয়ে থাকে তবে তা ফেরত প্রদান করারও সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনবোধে কলেজ পরিচালনা পর্ষদের সভায় সিদ্ধান্ত হলে পর্যালোচনা করা যেতে পারে।

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ এয়ারপোর্ট রোডের পার্শ্ব হতে কর্তনকৃত এবং বিভিন্ন সময়ে ঝড়ে ভাঙ্গা ১৯৬ টি মেহগণি গাছ, ২১ টি রাধাচূড়া গাছ এবং বিভিন্ন গাছের ডালপালা নিলামে বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা হলে গত ০৭ জুলাই, ২০০৮ তারিখে ৮৬,৬৫০/- (ছিয়াশি হাজার ছয়শত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর পাওয়া যায়। উক্ত সর্বোচ্চ দর সন্তোষজনক না হওয়ায় নিলামের পুনঃদরপত্র আহ্বান করা হলে ১৬ জুলাই, ২০০৮ তারিখে ১,০০,১০০/- (এক লক্ষ একশত) টাকার সর্বোচ্চ দর পাওয়া যায়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো। এ প্রসংগে উল্লেখ্য যে, কর্তনকৃত গাছ ও গাছের ডালপালাগুলোর এমআরপি নির্ধারণ করা হয়েছে ৮৭,১৯১/- (সাতাশি হাজার একশত একানব্বই) টাকা।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ এয়ারপোর্ট রোডের পার্শ্ব হতে কর্তনকৃত এবং বিভিন্ন সময়ে ঝড়ে ভাঙ্গা ১৯৬ টি মেহগণি গাছ, ২১ টি রাধাচূড়া গাছ এবং বিভিন্ন গাছের ডালপালা নিলামে বিক্রয়ের নিমিত্তে ১,০০,১০০/- (এক লক্ষ একশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৩

১৪

আলোচ্যসূচী-৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১ আগস্ট, ২০০৮ তারিখ হতে ৩১ জুলাই, ২০০৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৬ জুলাই, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব কাশেম, ১৮৪, পূর্ব কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত ২,১০০/- (দুই হাজার একশত) টাকার (মাসিক ভাড়া) দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, ইতোপূর্বে উক্ত ক্যান্টিনটির মাসিক ইজারা ছিল ২,০০০/- (দুই হাজার) টাকা ছিল।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১ আগস্ট, ২০০৮ তারিখ থেকে ৩১ জুলাই, ২০০৯ তারিখ পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে জনাব কাশেম, ১৮৪, পূর্ব কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত ২,১০০/- (দুই হাজার একশত) টাকার (মাসিক ভাড়া) সর্বোচ্চ দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, উক্ত ক্যান্টিনের বিদ্যুৎ ও গ্যাস বিল ইজারা গ্রহীতাকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-৭ ঃ সেনানিবাসের বিভিন্ন স্থানে ট্রাস্ট নিরাপত্তা ও লজিস্টিক কোম্পানী (বেসামরিক) নিয়োগের ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১০ জুলাই, ২০০৮ তারিখের ৬০৪/২/নিরাপত্তা নং পত্র ও তৎসংযুক্ত কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, সেনাকল্যাণ সংস্থার অধীনে 'ট্রাস্ট নিরাপত্তা ও লজিস্টিক কোম্পানী' নামে একটি বেসরকারী নিরাপত্তা প্রদানকারী প্রতিষ্ঠান গঠিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটে নিরাপত্তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং আগামী ০১ সেপ্টেম্বর, ২০০৮ তারিখে থেকে রজনীগন্ধা সুপার মার্কেটে বর্তমানে দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি বাতিলেরও সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ নব-নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবনের নীচতলার (প্রাক্তন শহীদ সাত্তার মার্কেট) এক বছর মেয়াদী ০৬(ছয়)টি (১, ২, ৩, ৪, ৫ ও ৬ নং) দোকানের ইজারা মেয়াদ ৩০ জুন, ২০০৮ তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী মেয়াদে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীদের আবেদনসহ সংশ্লিষ্ট নথিগুলো সভায় উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে নব-নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবনের নীচতলার (প্রাক্তন শহীদ সাত্তার মার্কেট) এক বছর মেয়াদী ০৭(সাত)টি দোকানের মধ্যে দোকান নং-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এর ইজারা মেয়াদ মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং ভাড়া প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হিসেবে নির্ধারণ করা হলো। ৭ নং দোকানটি ইজারা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করে নিয়ম বহির্ভুতভাবে হস্তান্তর করায় মেসার্স এলিগ্যান্ট টেইলার্স, প্রোঃ- মোঃ নিয়ামত উল্লাহ সাবু এর নামীয় ইজারা বাতিল করা হলো এবং দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডের দখলে আনার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৪*

আলোচ্যসূচী-৯ ঃ গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের ৮/১৮ ও ৮/২২ নং এক বছর মেয়াদী অস্থায়ী দোকানের ইজারা পরবর্তী এক বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ জুন, ২০০৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১০-১৮/শা-৩/২২৩ নং পত্রের মাধ্যমে একসনা দোকানের মেয়াদ "নবায়ন" কথাটি যথাযথ হয়নি বিধায় তা সংশোধনের পরামর্শ প্রদান করা হয়েছে। এদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী দোকানের ইজারা মেয়াদ "নবায়ন" শব্দটির পরিবর্তে "বরাদ্দ" শব্দটি ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (১) | বাড়ী # ২৩ ফ্ল্যাট#২ এবং ১৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | হাজী মোঃ ফুল মিয়া বাড়ী # ২৩, রোড # ৪, ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস ২৬/৬/২০০৭ | জনাব মোঃ তাজউদ্দিন আহমেদ, পিতা- মরহুম চান্দে আলী বাড়ী#১০/বি, রোড#৫৩, গুলশান মডেল টাউন, গুলশান-২, ঢাকা। | ১৩০০/১২০/৫৭/৫/খ তাং- ২৭/৪/২০০৮ |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বিষয়টি আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | প্লট #৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আয়েশা আক্তার (লিলি) স্বামী- হাজী মোঃ আঃ মতিন প্লট #৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ২৩/৩/২০০৮ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৯৮/২০১ তাং- ১৪/৫/২০০৮ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (২) | প্লট #২৬/এ ফ্ল্যাট # ১/সি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ব্যবস্থাপনা পরিচালক এক্সিলেন্ট বিল্ডার্স লিমিটেড বাড়ী#১১, ব্লক-ডি রোড#১৭, বনানী ঢাকা-১২১৩। | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ২৬/৯/২০০৬ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/২৬/এ/ফ্ল্যাট নং-১/সি/১৬ তাং- ২৮/৯/২০০৬ | রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে |
| (৩) | প্লট #২৩/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | অধ্যাপক ডাঃ হাসিব মোহাম্মদ আহসান ২৩/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | -- | -- | উত্তরাধিকারসূত্রে |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারী/ক্রেতার নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (১) | প্লট #৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আয়েশা আক্তার (লিলি) স্বামী- হাজী মোঃ আঃ মতিন প্লট #৯৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারী/ক্রেতার নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (২) | প্লট #২৬/এ<br>ফ্ল্যাট # ১/সি<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস কাওসার লুবনা আহমেদ<br>স্বামী- লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ারদার<br>২৫/১, শহীদ আজিজ পল্লী, ঢাকা সেনানিবাস। | আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (৩) | প্লট #২৩/এ<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | অধ্যাপক ডাঃ হাসিব মোহাম্মদ আহসান<br>২৩/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যসূচী-১২ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১৫৮৮ মেজর জেনারেল সৈয়দ ফাতেমী আহমেদ রুমী, পিএসসি | ১২৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | বিএ-১৭৪৪ ব্রিগেঃ জেনাঃ মোঃ রাশিদুজ্জামান খান | ২৮৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৩) | পি নং-২১৯ কমান্ডার নাসিমুল গণি (ই), পিএসসি, বিএন | ৫৫৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিডি-৭০৫১ গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ আলমগীর | ৭৭৭ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৫) | পি নং-২৮৪ কমান্ডার মোহাম্মদ শহীদ আহমেদ | ৩২৬ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএসএস-১৬৪২ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ নজরুল ইসলাম | ৪৫৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএসএস-১৭০০ মেজর (অবঃ) মোঃ নাজমুল হক | ৫০৯ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৮) | পি নং-৩৯০ কমান্ডার এম ওবাদুল দারাইন, (এস), বিএন (অবঃ) | ৬৯৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৯) | বিএ-১৯৮৬ লেঃ কর্ণেল মোঃ ফোরকান আহমেদ | ৪৩১ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৯৯৭ লেঃ কর্ণেল মোঃ রমজান আলী সরকার | ৪৩২ | | |
| (১০) | বিএ-১৯৭৫ ব্রিগেঃ জেনাঃ মোঃ মোস্তফা কামাল | ৫১৪ | মিরপুর ডিওএইচএস | ৪টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৯৬৯ লেঃ কর্ণেল শামসুল আজম | ৫১৫ | | |
| | বিডি-৭০৬৪ গ্রুপ ক্যাপ্টেন এ ওয়াই এম নাজমুল হক (অবঃ) | ৫১৬ | | |
| | বিডি-৭১৪৬ এয়ার কমডোর আবু এশরার | ৫১৭ | | |
| (১১) | পি নং-১৮৬ কমান্ডার মোঃ মনিরুল হক (এন), বিএন | ৩৫৯ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১২) | বিএ-২০০৬ লেঃ কর্ণেল এস এম সাজ্জাদ হোসেন | ৪৫৭ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১৩) | বিএসসি-১৮৮৪ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আমিনুল হক | ৭০২ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১৪) | বিএ-১০০২৮০ কর্ণেল মোঃ আঃ রব মিয়া | ৫০৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৫) | বিএ-১৮৯২ ব্রিগেঃ জেনাঃ এম এ বারী, পিএসসি | ৫২৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ |
| (১৬) | বিএসএস-১৬৯৪ মেজর (অবঃ) মোঃ আসাদুল্লাহ | ৪৩০ | মিরপুর ডিওএইচএস | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ |
| (১৭) | পি নং-৩৬৫ কমান্ডার মোঃ গিয়াস উদ্দিন (এক্স), (এইচ-১), বিএন | ৪৩০/এ | | |
| (১৮) | জনাব সামসুদ্দিন আহমেদ | বি/১১১ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৯) | জনাব শাহেদ আজিজ (টিপু) গং | ১৫২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

*চলমান পাতা-৬*

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (২০) | মিসেস নাসরিন আব্দুল্লাহ | ৬৮/এ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২১) | বিএসএস-১১০৩ মেজর (অবঃ) মোঃ মহসিন তালুকদার | ১৫৮ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |
| (২২) | বিএসএস-৯৪২ লেঃ কর্ণেল (অবঃ) খালেকুজ্জামান | ৪৩২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন ১ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত ২২টি নকশা কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুসলিম মডার্ণ একাডেমীর অত্যাবশ্যকীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৬৫,০০০/- টাকা | বিদ্যালয় তহবিল। |
| (২) | ঢাকা সেনানিবাসের সেনাপল্লী হাই স্কুলের রক্ষণাবেক্ষণ কাজ। | ৩২,৭৮০/- টাকা | বিদ্যালয় তহবিল। |
| (৩) | আদর্শ বিদ্যনিকেতন, মানিকদী মেরামত ও সংস্কার কাজ। | ৪৯,৪৭০/- টাকা | বিদ্যালয় তহবিল। |
| (৪) | শহীদ সরণির শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের পশ্চিম গেইট হতে শহীদ মঈনুল রোড পর্যন্ত রাস্তার মাঝখানে পাকা রোড ডিভাইডার নির্মাণ কাজ। | ৮১,৩০৩/- টাকা | অনুদান। |
| (৫) | মিরপুর ডিওএইচএস এর ১৫ নং রোড এবং ৬০ - ০´´ রাস্তার সংযোগ সড়ক নির্মাণ (ইটের সলিং) কাজ। | ৩,৮৬,৩০০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল। |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/এ (নীচতলা-পশ্চিম পার্শ্ব) নং বাসাটি মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংকরণ কাজ। | ৭৮,৯৮২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৭) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১৯,৭১৭/- টাকা | বিদ্যালয় তহবিল। |
| (৮) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ১৯,৮২৫/- টাকা | কলেজ তহবিল। |
| (৯) | (ক) ঢাকা সেনানিবাসস্থ ৪টি শিশু পার্ক মেরামত কাজ। | ৮৫,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| | (খ) ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকায় ৫টি নতুন শিশু পার্ক নির্মাণ কাজ। | ১২,১০,২৯৩/- টাকা | অনুদান |
| | (গ) ঢাকা সেনানিবাসস্থ বিদ্যমান ১০টি শিশু পার্কে নতুন আইটেম সংযোজন। | ৯,১৯,৬০৩/- টাকা | অনুদান |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,৭৯,৭৩৩/- টাকা | অনুদান |
| (১১) | শহীদ বদিউজ্জামান রোডে মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নতুন রাস্তার জন্য ইলেট্রিক পোল স্থাপনসহ সংশ্লিষ্ট রাস্তায় বিদ্যুতায়ন কাজ। | ১,২৭,২০৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্রমিক নং-৫ ব্যতীত অন্যান্য মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৬, ৯(ক) ও ১১ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহবানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৭*

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ ৪৬ পদাতিক ব্রিগেড এলাকার শহীদ ইউসুফ রোডের পরিবারিক বাসস্থানের নিকট শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ৩২,৮৯৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৩৫,৬৭৬/৬২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের অজু খানায় পানি সরবরাহের জন্য ১ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন পেডরোলো জেট পাম্প (প্রয়োজনীয় পাইপ ও আনুষঙ্গিক মালামালসহ) সরবরাহ ও স্থাপন। | ২৪,০৯১/-টাকা (বাজার দর) | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং | ২৪,০৮৫/৬০ টাকা | মসজিদের মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের উত্তর-পশ্চিম কোণা যানবাহন চলাচলের সুবিধার্থে প্রশস্তকরণ। | ৯১,৬১৫/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,০২,৭৬৮/৪০ টাকা | অনুদান |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিমে গাড়ী পার্কিং এর উত্তরাংশে গাইড ওয়াল নির্মাণ ও হার্ডস্ট্যান্ড নির্মাণ এবং বাজারের একতলা ভবনে অবৈধ প্রবেশ বন্ধের জন্য বারান্দায় দেয়াল নির্মাণ কাজ। | ১,৪৭,২৯৫/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,৭৬,১০০/৫৭ টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক উল্লেখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ ৪৬ পদাতিক ব্রিগেড এলাকার শহীদ ইউসুফ রোডের পরিবারিক বাসস্থানের নিকট শিশু পার্ক মেরামত ও রংকরণ। | মেসার্স মনির এন্ড কোং | ৩৫,৬৭৬/৬২/- টাকা |
| (২) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের অজু খানায় পানি সরবরাহের জন্য ১ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন পেডরোলো জেট পাম্প (প্রয়োজনীয় পাইপ ও আনুষঙ্গিক মালামালসহ) সরবরাহ ও স্থাপন। | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং | ২৪,০৮৫/৬০ টাকা |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের উত্তর-পশ্চিম কোণা যানবাহন চলাচলের সুবিধার্থে প্রশস্তকরণ। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,০২,৭৬৮/৪০ টাকা |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিমে গাড়ী পার্কিং এর উত্তরাংশে গাইড ওয়াল নির্মাণ ও হার্ডস্ট্যান্ড নির্মাণ এবং বাজারের একতলা ভবনে অবৈধ প্রবেশ বন্ধের জন্য বারান্দায় দেয়াল নির্মাণ কাজ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,৭৬,১০০/৫৭ টাকা |

ক্রমিক নং-১, ২, ও ৪-এ উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং ক্রমিক নং-৩ এ উল্লেখিত দরটি চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-১৫ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটের তৃতীয় ও চতুর্থ তলার নির্মাণ কাজে অতিরিক্ত ২,৫৮,৮০৮/- (দুই লক্ষ আটান্ন হাজার আটশত আট) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত অরিতক্ত ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৭.৫০% অর্থাৎ ১০% এর নিম্নে রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটের তৃতীয় ও চতুর্থ তলার নির্মাণ কাজে অতিরিক্ত ২,৫৮,৮০৮/- (দুই লক্ষ আটান্ন হাজার আটশত আট) টাকা ব্যয়ের প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত অতিরিক্ত ব্যয় ক্যান্টনমেন্ট বাজার এলাকার অননুমোদিত নির্মাণের ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ হতে সংকুলান করতে হবে।

*চলমান পাতা-৮*

আলোচ্যসূচী-১৬ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় প্রথম ধাপের ৫০% বাড়ী নির্মিত হয়েছে এবং বসবাস শুরু হওয়ায় জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর প্রথম ধাপে জলাবদ্ধতা নিরসনকল্পে Storm Sewer স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ ঃ গত ২৪ এপ্রিল, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২২বিবিধ(২) এর সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ জুলাই, ২০০৮ তারিখের ৩৯১৮/৩০৯/ এমকিউ-৩ নং পত্রের আলোকে বীর শ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট সংলগ্ন সিএস দাগ নং-৯২৩ (অংশ), ৯২৪ (পূর্ণ), ৯২৬ (অংশ) এবং ৬৫১ (পূর্ণ) জমিতে সেনা পরিবার কল্যাণ সমিতির ০৩(তিন)টি বেসমেন্ট ফ্লোরসহ ১৪(চৌদ্দ) তলা বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বীর শ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট সংলগ্ন সিএস দাগ নং-৯২৩ (অংশ), ৯২৪ (পূর্ণ), ৯২৬ (অংশ) এবং ৬৫১ (পূর্ণ) জমিতে সেনা পরিবার কল্যাণ সমিতির ০৩(তিন)টি বেসমেন্ট ফ্লোরসহ ১৪(চৌদ্দ) তলা ভবনের বাণিজ্যিক নকশা নির্ধারিত ফি গ্রহণপূর্বক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ ঃ ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১ এর অনুবৃত্তিক্রমে বনানী ডিওএইচএস এর ২৮/এ-১, ৩২/এ ও ৫৭, মহাখালী ডিওএইচএস এর ৩১৩/এ এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটের সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বনানী ডিওএইচএস এলাকার প্লট নং-২৮/এ-১ এর জন্য সনদ প্রদানকারী বুয়েটের Professor এর সনদের সঠিকতা যাচাই করার জন্য তাঁকে পত্র দেয়া হোক, ৩২/এ নং প্লটের ব্যাপারে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের মতামতের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং ৫৭ নং প্লটের ব্যাপারে বনানী ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করা হোক। মহাখালী ডিওএইচএস এলাকার ৩১৩/এ নং প্লট এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটে অননুমোদিত নির্মাণ থাকলে তা অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের দুইটি কলাপসিবল গেইট পরিবর্তন ও মেরামতকরণ। | ২,৪৫১/৯১ টাকা | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/বি নং বাসার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫,৭২২/৩০ টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং |
| (৩) | মিরপুর ডিওএইচএস এর প্রথম ধাপের দক্ষিণ-পূর্ব দিকের সীমানা দেয়াল নির্মাণ। | ৬১,৬২৫/- টাকা | মেসার্স ইরা এন্টারপ্রাইজ |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৯

আলোচ্যসূচী-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখায় ব্যবহৃত পিক-আপ ভ্যানটি দীর্ঘ দিনের পুরানো এবং বর্তমানে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যা দিয়ে নিয়মিত ঢাকা সেনানিবাসসহ ডিওএইচএসসমূহের বিদ্যুতের কাজ তদারকি করা সম্ভবপর হয় না বিধায় সাভার ক্যান্টনমেন্ট বোর্ডের ন্যায় একটি নতুন ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা প্রয়োজন। এ প্রসংগে উল্লেখ্য যে, একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করতে আনুমানিক ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা ব্যয় হবে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার কাজ নিয়মিত তদারকির জন্য একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২৬০০ লুমেন্স এর একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ৯৬´ × ৯৬´ সাইজের স্ক্রীন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, প্রজেক্টর ও স্ক্রীন ক্রয়ের জন্য আনুমানিক ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা ব্যয় হতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২৬০০ লুমেন্স এর একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ৯৬´ × ৯৬´ সাইজের স্ক্রীন জরুরী ভিত্তিতে ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক পত্রিকার মাধ্যমে ও স্থানীয়ভাবে পরপর দুই বার দরপত্র আহ্বান করা হলে প্রথম বার একটি দরপত্র পাওয়া যায়, যার মধ্যে ৫,৩৩,৯৯০/- (পাঁচ লক্ষ তেত্রিশ হাজার নয়শত নব্বই) টাকার সর্বোচ্চ দর পাওয়া যায়। দ্বিতীয় বার তিনটি দরপত্র পাওয়া যায়, যার মধ্যে জনাব মোঃ মশিউর রহমান রতন কর্তৃক প্রদত্ত ৬,২০,০০০/- (ছয় লক্ষ বিশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে জনাব মোঃ মশিউর রহমান রতন কর্তৃক প্রদত্ত ৬,২০,০০০/- (ছয় লক্ষ বিশ হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট ক্রয়কারীদের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এম এ মালেক ও অন্যান্য ক্রেতাগণ যৌথভাবে গত ১৫ জুলাই, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে ফ্ল্যাট ক্রয়কারীদের অনুকূলে বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১০*

২৪ বিবিধ (১) ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ও কেবিনের অধিকাংশ ফোম মেট্রেস রোগীদের ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে এবং কিছু কিছু মেট্রেসের রেক্সিন কভার ছিঁড়ে যাওয়ায় নতুন ফোম মেট্রেস ও রেক্সিন কাভার ক্রয়/মেরামত করার জন্য হাসপাতালের চীফ মেডিক্যাল অফিসার ২৩ জুলাই, ২০০৮ তারিখের আবেদনে অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য আনুমনিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হতে পারে। এ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ফোম মেট্রেস ও রেক্সিন (হাসপাতাল গ্রেডের) ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উক্ত কাজের যাবতীয় ব্যয় ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

২৪বিবিধ(২) ঃ ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ১৯বিবিধ(৫) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য নিবন্ধন শাখার জন্য একটি এইচপি-১০১৫ প্রিন্টার সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২১ জুলাই, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স মনির এন্ড কোং কর্তৃক প্রদত্ত ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয় আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম নিবন্ধন শাখার জন্য একটি এইচপি-১০১৫ প্রিন্টার সরবরাহের নিমিত্তে মেসার্স মনির এন্ড কোং কর্তৃক প্রদত্ত ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। জন্ম নিবন্ধন খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৪ বিবিধ (৩) ঃ মোমনাস বিল্ডার্স এন্ড ট্রেডার্স লিমিটেড, ৭৭/১ কাকরাইল, আসিফ ম্যানশন (৫ম তলা), ঢাকা এবং মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, ১৯৯ উত্তর ইব্রাহিমপুর, ঢাকা-কে অত্র দপ্তরের ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠান দু'টির স্বব্যাখ্যাত আবেদন পত্র ও তৎসংযোজিত কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঠিকাদার তালিকাভুক্তি নীমিতালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৪ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে বর্তমানে ০৬(ছয়) টি কম্পিউটার ব্যবহৃত হচ্ছে। কম্পিউটারগুলো অফিসের বিভিন্ন রুমে বিধায় ফাইল শেয়ারিং ও অন্যান্য কাজে প্রায়শই জটিলতার সৃষ্টি হয়। এছাড়া ডিওএইচএসসমূহের কম্পিউটারাইজড্ ডাটাবেজ প্রস্তুতের কাজও চলছে। তাই উক্ত কম্পিউটারগুলো নেটওয়ার্কের আওতায় আনা প্রয়োজন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কম্পিউটারগুলো নেটওয়ার্কের আওতায় আনার নিমিত্তে দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৪ বিবিধ (৫) ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড দিয়ে মালামাল বহনকারী ট্রাক চলাচল প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে শুধু মাত্র ক্যান্টনমেন্ট বাজার এলাকার নির্মাণাধীন বাড়ীর মালামাল বহনকারী ট্রাকই শহীদ বদিউজ্জামান রোড দিয়ে চলাচল করতে পারবে। বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহকে অবহিত করা হোক।

চলমান পাতা-১১

২৪ বিবিধ (৬) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নব-নির্মিত মুরগী শেডে বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাংসের দোকানের ভাড়ার অনুরূপ হারে অর্থাৎ প্রতি বর্গফুট ৬/২৫ (ছয় টাকা পঁচিশ পয়সা) টাকা হারে মুরগী ভিটি/দোকান থেকে মাসিক ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।